# Times Today BD

সিনিয়র রিপোর্টার | আন্তর্জাতিক | 21 April, 2025

ক্যাথলিক খ্রিষ্টানদের সর্বোচ্চ ধর্মগুরু পোপ ফ্রান্সিস মারা গেছেন।সোমবার (২১ এপ্রিল) তিনি মারা যান।তার বয়স হয়েছিল ৮৮ বছর।১২ বছর ধরে পোপ পদে থাকার পর তিনি মারা গেলেন।বিভিন্ন রোগে ভুগছিলেন, রোমান ক্যাথলিক চার্চের প্রথম ল্যাটিন আমেরিকান নেতা পোপ ফ্রান্সিস।সাম্প্রতিক সপ্তাহগুলোতে তার শারীরিক অবস্থা আরও খারাপ হয়ে যায়।

পোপ ফ্রান্সিসের মৃত্যুর ঘটনায় শোক জানিয়েছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস।

ভ্যাটিকান নিউজ সার্ভিস জানিয়েছে, ভ্যাটিকানের কাসা সান্তা মার্টায় তার বাসভবনে তিনি মারা গেছেন।

সেন্ট পিটার্স স্কোয়ারে হাজার হাজার উপাসককে 'শুভ ইস্টার' জানানোর  একদিন পরই তার মৃত্যু হলো।

এ সময় তিনি হুইলচেয়ারে করে বেরিয়ে এসে সেন্ট পিটার্স ব্যাসিলিকার বারান্দা থেকে উল্লাসিত জনতার দিকে হাত নাড়িয়ে বললেন: 'প্রিয় ভাই ও বোনেরা, শুভ ইস্টার।'

তার ঐতিহ্যবাহী ইস্টার ভাষণ এবং আশীর্বাদ বাক্য একজন সহকারী পাঠ করেন।তখন তিনি বসে ছিলেন এবং দেখছিলেন।

ফ্রান্সিস, অনেক দিন ধরে ফুসফুসের রোগে ভুগছিলেন এবং যুবক বয়সে তার একটি

ফুসফুসের অংশবিশেষ কেটে ফেলা হয়েছিল।

তাকে ১৪ ফেব্রুয়ারী, ২০২৫ তারিখে শ্বাসকষ্টের সমস্যায় জেমেলি হাসপাতালে ভর্তি করা হয়। যা ডাবল নিউমোনিয়ায় পরিণত হয়।তিনি সেখানে ৩৮ দিন কাটিয়েছিলেন।

পোপ ফ্রান্সিস, ইতিহাসের প্রথম ল্যাটিন আমেরিকান পোপ, যিনি তাঁর বিনয়ী ভঙ্গি এবং দরিদ্রদের প্রতি ভালোবাসার মাধ্যমে বিশ্বকে মুগ্ধ করেছিলেন।

ক্যাথলিক খ্রিষ্টান পোপ ফ্রান্সিস ভ্যাটিকান

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:22

URL: https://www.timestodaybd.com/public/international/1178386601